# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৩

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য: ‘যার অন্তরে সরিষার দানা পরিমান ঈমান আছে, তাকে তোমরা জাহান্নাম থেকে বের করো।’-এর দ্বারা উদ্দেশ্য হলো যাদের অন্তরে কীরাত পরিমাণ ঈমান আছে, তাদেরকে জাহান্নাম থেকে বের করার পর, এদের জাহান্নাম থেকে বের করা হবে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْرِجُوا مَنْ كَانَ فِي قَلْبِهِ حَبَّةُ خَرْدَلٍ مِنْ إِيمَانٍ أَرَادَ بِهِ بَعْدَ إِخْرَاجِ مَنْ كَانَ فِي قَلْبِهِ قَدْرُ قِيرَاطٍ مِنْ إِيمَانٍ

---

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي رَجَاءِ بْنِ أَبِي عُبَيْدَةَ الْحَرَّانِيُّ قَالَ حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "إِذَا مُيِّزَ أَهْلُ الْجَنَّةِ وَأَهْلُ النَّارِ يَدْخُلُ أَهْلُ الْجَنَّةِ الْجَنَّةَ وَأَهْلُ النَّارِ النَّارَ قَامَتِ الرُّسُلُ فَشَفَعُوا فَيُقَالُ اذْهَبُوا فَمَنْ عَرَفْتُمْ فِي قَلْبِهِ مِثْقَالَ قِيرَاطٍ مِنْ إِيمَانٍ فَأَخْرِجُوهُ فَيُخْرِجُونَ بَشَرًا كَثِيرًا ثُمَّ يُقَالُ اذْهَبُوا فَمَنْ عَرَفْتُمْ فِي قَلْبِهِ مِثْقَالَ خَرْدَلَةٍ مِنْ إِيمَانٍ فَأَخْرِجُوهُ فَيُخْرِجُونَ بَشَرًا كَثِيرًا ثُمَّ يَقُولُ جَلَّ وَعَلَا أَنَا الْآنَ أُخْرِجُ بِنِعْمَتِي وَبِرَحْمَتِي فَيُخْرِجُ أَضْعَافَ مَا أَخْرَجُوا وَأَضْعَافَهُمْ قَدِ امْتَحَشُوا وَصَارُوا فَحْمًا فَيُلْقَوْنَ فِي نَهْرٍ أَوْ فِي نَهْرٍ مِنْ أَنْهَارِ الْجَنَّةِ فَتَسْقُطُ مُحَاشُّهُمْ عَلَى حَافَةِ ذَلِكَ النَّهرِ فَيَعُودُونَ بِيضًا مِثْلَ الثَّعَارِيرِ فَيُكْتَبُ فِي رِقَابِهِمْ عُتَقَاءُ اللَّهِ وَيُسَمَّوْنَ فِيهَا الْجَهَنَّمِيِّينَ".

الثَّعَارِيرُ: الْقِثَّاءُ الصِّغَارُ قَالَهُ الشيخ.

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 183 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৮৩. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: ’যখন জান্নাতবাসী ও জাহান্নাবাসীদের পৃথক করা হবে এবং

জান্নাতবাসীরা জান্নাতে আর জাহান্নামবাসীরা জাহান্নামে প্রবেশ করবে, তখন রাসূলগণ দাঁড়াবেন অতঃপর তাঁরা সুপারিশ করবেন। তখন তাঁদের বলা হবে: 'আপনারা যান এবং যাকে বুঝতে পারবেন যে, তার অন্তরে এক কীরাত পরিমাণ ঈমান আছে, তাকে আপনারা জাহান্নাম থেকে বের করে নিয়ে আসেন।' অতঃপর তাঁরা অনেক মানুষকে জাহান্নাম থেকে বের করে আনবেন। তারপর তাঁদেরকে আবার বলা হবে: 'আপনারা যান এবং যাকে বুঝতে পারবেন যে, তার অন্তরে সরিষার দানা পরিমান ঈমান আছে, তাকে আপনারা জাহান্নাম থেকে বের করে নিয়ে আসেন।' অতঃপর তাঁরা অনেক মানুষকে জাহান্নাম থেকে বের করে আনবেন।' তারপর সুমহান আল্লাহ বলবেন: 'আমি এখন আমার নি'য়ামত ও রহমতের বদৌলতে জাহান্নাম থেকে বের করে আনবো।' ফলে নাবীগণ যে পরিমাণ বের করে এনেছিলেন তার চেয়ে বহু গুণ লোক তিনি জাহান্নাম থেকে বের করে আনবেন এমতাবস্থায় যে, তারা পুড়ে কয়লায় পরিণত হয়ে গেছে। অতঃপর তাদেরকে নদীতে অথবা (রাবীর সন্দেহ যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) জান্নাতের একটি নদীতে ফেলে দেওয়া হবে, ফলে তাদের পোড়া অংশ ঐ নদীর কিনারায় পড়ে যাবে এবং তারা সা'আরীর উদ্ভিদের ন্যায় শুভ্র হয়ে যাবে। তাদের গর্দানে লেখা থাকবে 'এরা আল্লাহর আজাদকৃত' এবং তাদেরকে জাহান্নাম ভোগকারী হিসেবে অভিহিত করা হবে।'[1]

সা'আরীর হলো এক জাতীয় ছোট উদ্ভিদ। এটি আমাদের শাইখ বলেছেন।

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৫৫৮; সহীহ মুসলিম: ১৯১, ৩২০, ৩১৭; মুসনাদ আহমাদ: ৩/৩২৫।
আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ৩০৫৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88392

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন